



## OPWDD-এর এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রাম

### শিক্ষার্থীদের জন্য তথ্য

এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রাম একজন শিক্ষার্থী হিসেবে আপনাকে সবেতন কাজ করার অভিজ্ঞতা প্রদান করে, এর ফলে আপনি নতুন দক্ষতা অর্জন করতে পারবেন যা আপনাকে হাই স্কুলের পড়াশোনা শেষ করার পর চাকরি পেতে সাহায্য করবে। যেসব শিক্ষার্থীর হাই স্কুলের শেষ 2 বছরের পড়াশোনা বাকি আছে তাদের জন্য কমিউনিটি স্তরে কাজ করার অভিজ্ঞতা প্রদান করে এমন স্কুলের সাথে এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রাম কাজ করে। যোগ্যতা অর্জন করলে, এটি মজুরি এবং অন্যান্য রিসোর্স প্রদান করে।

### কীভাবে এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রাম কাজ করে:

- হাই স্কুলে পড়াশোনা করার সময় চাকরির ট্রেইনিংয়ে অংশগ্রহণ করলে, আপনি যে দক্ষতা অর্জন করবেন তা চাকরি পাওয়ার জন্য আপনার যোগ্যতা বাড়িয়ে দেবে। আপনি ইন্ডাস্ট্রি-নির্দিষ্ট টাফ, টেকনোলজি, চাকরির প্রত্যাশা এবং কাজের পরিবেশ সম্পর্কে জানতে পারবেন।
- আপনি স্থানীয় ব্যবসায় কর্মরত থাকার সময় OPWDD আপনাকে ন্যূনতম মজুরি প্রদান করবে এবং স্কুলের কর্মচারী বা কমিউনিটি প্রোগ্রামের এজেন্সির কর্মী থেকে সহায়তা পাবেন। একজন শিক্ষার্থী ট্রেইনি হওয়ার দরুন আপনাকে নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী কর্মী হিসেবে বিবেচনা করা হয় এবং আপনি ওয়ার্কাস কম্পেসশন এবং জেনারেল লায়ালিটি ইন্সুরেন্সের আওতায় পড়েন। আপনি প্রতি সপ্তাহে কত ঘণ্টা কাজ করতে পারবেন তা নির্ভর করে আপনার স্কুলের ওয়ার্ক স্টাডি প্রোগ্রামের উপর।
- আপনার স্কুলের একজন OPWDD এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রাম সুপারভাইজর নিশ্চিত করেন যে আপনি চাকরি জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করছেন এবং এই প্রোগ্রামটি আপনাকে চাকরি পাওয়ার জন্য প্রস্তুত করছে।

### এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রাম আপনাকে এইসব কাজ করতে সহায়তা করতে পারে:

- এমন পেশা খুঁজে নিতে যা আপনার আকর্ষণীয় লাগতে পারে
- নতুন দক্ষতা অর্জন করতে এবং চাকরির বিভিন্ন বিকল্প সম্পর্কে জানতে
- সামাজিক দক্ষতা উন্নত করতে যা আপনাকে চাকরিতে সাফল্য পেতে এবং আপনার পেশায় সুনির্দিষ্ট লক্ষ্য অর্জন করতে সাহায্য করবে
- কর্মী হিসেবে অভিজ্ঞতা অর্জন করতে যা আপনাকে নতুন চাকরি পেতে সাহায্য করবে
- স্কুলে পড়াশোনা করার সাথেই কাজ করে উপার্জন করতে এবং স্কুল সম্পন্ন করে চাকরি পাওয়ার জন্য প্রস্তুতি নিতে

### আরও তথ্যের জন্য:

- এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রামে স্কুল পার্টনারশিপ সম্পর্কে আরও জানতে আপনার স্থানীয় এমপ্লয়মেন্ট ট্রেইনিং প্রোগ্রাম সুপারভাইজরের সাথে যোগাযোগ করুন।
- সাধারণ তথ্যের জন্য, এই আইডিতে যোগাযোগ করুন:

[Employment.vocational.services@opwdd.ny.gov](mailto:Employment.vocational.services@opwdd.ny.gov)



**Office for People With  
Developmental Disabilities**